**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**
**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date:*** ২৯ জুলাই ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

# বাঘাইছড়ির সাজেকে অস্ত্র উদ্ধার একটি সাজানো নাটক

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলার সাজেকে ইউপিডিএফের আস্তানায় সেনাবাহিনীর অভিযানে গুলি বিনিময়ের পর অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করা হয়েছে বলে আইএসপিআর যে দাবি করেছে তা সম্পূর্ণ ভূয়া, সাজানো ও ইউপিডিএফকে মিথ্যাভাবে ফাঁসানোর একটি জঘন্য ষড়যন্ত্র বলে মন্তব্য করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ২৯ জুলাই ২০২৫ মঙ্গলবার ইউপিডিএফের মুখপাত্র অংগ্য মারমা সংবাদ মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে উক্ত মন্তব্য করে আরও বলেন, ইউপিডিএফের ভাবমূর্তি ক্ষুন্ন করতে ও চলমান ধর্ষণ বিরোধী ছাত্র-গণ আন্দোলন থেকে জনগণের দৃষ্টি ভিন্ন দিকে ফেরানোর মরিয়া প্রচেষ্টা হিসেবে এভাবে একের পর এক গোলাগুলি ও অস্ত্র উদ্ধার নাটক মঞ্চস্থ করা হচ্ছে।

তিনি চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে বলেন সাজেকে ইউপিডিএফের সাথে বাংলাদেশ সেনাবাহিনীর গুলি বিনিময় কিংবা অস্ত্র উদ্ধারের কোন ঘটনা ঘটেনি।

প্রকৃত সত্য তুলে ধরে ইউপিডিএফ নেতা বলেন, গতকাল দিবাগত রাত ২টার দিকে বাঘাইহাট জোন থেকে একদল সেনা সদস্য ৩৬ নং সাজেক ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের অধীন পর্যটন রোড থেকে মাত্র আধা কিলোমিটার দূরে নরেন পাড়ায় গিয়ে অবস্থান নেয়। পরে আজ ভোর সোয়া ৫টায় তারা গ্রামের পার্শবর্তী জঙ্গলে গিয়ে ২০-৩০ রাউন্ড ফাঁকা গুলি ছোড়ে। এই ঘটনার পর পরই আইএসপিআর থেকে ইউপিডিএফের সাথে গোলাগুলি ও অস্ত্র উদ্ধারের খবর প্রচার করা হয়েছে।

অংগ্য মারমা অবিলম্বে ইউপিডিএফকে জড়িয়ে মিথ্যা প্রচারের তীব্র নিন্দা জানান এবং ভূয়া গোলাগুলি ও অস্ত্র উদ্ধার নাটক বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।